দৈনিক
জনকণ্ঠ

তারিখ 16 APR 2003
পৃষ্ঠা ৭ কলাম ৪

# শিক্ষা বোর্ডে শিক্ষক সমিতি ফেডারেশনের স্মারকলিপি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** শিক্ষা বোর্ডসমূহে সীমাহীন দুর্নীতি ও অব্যবস্থাপনা এবং পরিচালনা পরিষদ কর্তৃক বেসরকারী শিক্ষক-কর্মচারীদের নির্যাতনের প্রতিবাদে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন মঙ্গলবার দেশের শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের কাছে স্মারকলিপি দিয়েছে। পূর্ব ঘোষিত কর্মসূচী অনুযায়ী বিভিন্ন বোর্ডে পৃথকভাবে এই স্মারকলিপি দেয়া হয়। চট্টগ্রাম ও রাজশাহী বোর্ডে মিছিলসহকারে এই স্মারকলিপি দেয়া হয়েছে। ঢাকায় উপাধ্যক্ষ আব্দুর রব এবং খান মোশাররফ হোসেনের নেতৃত্বে ফেডারেশনের নেতৃবৃন্দ স্মারকলিপি দিয়েছেন। চট্টগ্রামে অধ্যক্ষ মেজবাহ উল আলম ও অধ্যাপক দিদারুল ইসলামের নেতৃত্বে, রাজশাহীতে অধ্যক্ষ মোল্লা সোহরাবুল আহসান ও উপাধ্যক্ষ আবদুল বারীর নেতৃত্বে এবং সিলেটে অধ্যক্ষ শফিকুর রহমান ও অধ্যাপক মুজিবুর রহমানের নেতৃত্বে স্মারকলিপি দেয়া হয়। এতে বোর্ডসমূহের সীমাহীন দুর্নীতি ও অব্যবস্থাপনার কথা উল্লেখ করে অবিলম্বে এসব বন্ধের দাবি জানানো হয়।